Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 12 May, 2025

দেশের সার্বিক পরিস্থিতে কোনো উসকানি কিংবা অপ্রীতিকর ঘটনায় না জড়ানোর জন্য দলের নেতাকর্মীদের আহ্বান জানিয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

সোমবার (১২ মে) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এ আহ্বান জানান তিনি।

পোস্টে তিনি লেখেন, বাংলাদেশের সামগ্রিক পরিবেশ স্বাধীনতার পর থেকে কখনো কাঙ্ক্ষিত মানে পৌঁছায়নি।সেই অবস্থা এখনো অব্যাহত রয়েছে।সম্প্রতি বাংলাদেশের সমাজ ও রাজনীতিতে অনেক কিছুই অনাকাঙ্ক্ষিত ও অগ্রহণযোগ্য বলে মনে হয়।

তিনি আরও লেখেন, এ অবস্থায় দলীয় সহকর্মীদের প্রতি পরামর্শ– সর্বাবস্থায় ধৈর্য, সহনশীলতা, মহান আল্লাহর ওপর তাওয়াক্কুল ও ইনসাফের ওপর দৃঢ় থাকার চেষ্টা করতে হবে।কোনো উসকানি কিংবা অপ্রীতিকর ঘটনায় জড়ানো একেবারেই ঠিক হবে না।

জামায়াত আমির আরও লেখেন, আশা করি, সকলে বিষয়টির দিকে গুরুত্বসহকারে নজর দেবেন।মহান আল্লাহ সর্বাবস্থায় আমাদের সহায় হোন।

এ সময় একটি দোয়াও শেয়ার করেন তিনি।দোয়াটি হলো-

حَسْبُنَا اللَّهُ وَنِعْمَ الْوَكِيلُ، نِعْمَ الْمَوْلَىٰ وَنِعْمَ النَّصِيرُ (হাসবুনাল্লাহু ওয়া নি‘মাল ওয়াকিল, নি‘মাল মাওলা ওয়া নি‘মান নাসির)।

বাংলাদেশ জামায়াতে ইসলামী ডা. শফিকুর রহমান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:54

URL: https://www.timestodaybd.com/politics/2354658689